

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি
পল্লী ভবন (৭ম তলা)
৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।
Web:mcpmp.brdb.gov.bd

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৫১


তারিখ: ০২/০৩/২০২৩ খ্রিঃ।

বিষয়: প্রকল্পে আউটসোর্সিং পদ্ধতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের ছুটির দরখাস্তের অনুলিপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) কর্তৃক বাস্তবায়নাধীন 'দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন ও বাজারজাতকরণ কর্মসূচি (২য় সংশোধিত)' শীর্ষক প্রকল্পটি ০১ জানুয়ারি, ২০১৯ খ্রিঃ হতে ৩১ ডিসেম্বর, ২০২৩ খ্রিঃ মেয়াদে ৬৪ জেলার ২৫৬ উপজেলায় বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পে আউটসোর্সিং পদ্ধতিতে উপঅঞ্চল পর্যায়ে অপ্রধান শস্য বিশেষজ্ঞ ও শস্য উন্নয়ন কর্মকর্তা এবং উপজেলা পর্যায়ে মাঠ সংগঠক নিয়োগ দেয়া হয়েছে। যেহেতু আউটসোর্সিং পদ্ধতিতে সেবার বিনিময়ে সেবামূল্য প্রদান করা হয় (শুধুমাত্র সেবা প্রদানের দিনগুলির জন্য সেবামূল্য প্রাপ্য), সেহেতু আর্থিক শৃঙ্খলা রক্ষায় আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা/কর্মচারী কোনরূপ ছুটি গ্রহণ করলে তা তাৎক্ষণিকভাবে নিয়োগকারী কর্তৃপক্ষ ও প্রকল্প সদর দপ্তরকে লিখিতভাবে অবহিত করা প্রয়োজন।

এমতাবস্থায়, অত্র পত্র জারির তারিখ হতে আউটসোর্সিং পদ্ধতিতে নিয়োগপ্রাপ্ত প্রকল্পের কোন কর্মকর্তা/কর্মচারী কোনরূপ ছুটি গ্রহণ করলে ছুটির দরখাস্তের অনুলিপি প্রকল্প সদর দপ্তরে প্রেরণ নিশ্চিত করতে হবে। অন্যথায় উক্ত কর্মকর্তা/কর্মচারীর সেবামূল্য বিল স্থগিত সহ চাকুরী হতে বরখাস্ত করার জন্য নিয়োগকারী কর্তৃপক্ষকে নির্দেশনা প্রদান করা হবে।

বিষয়টি অতীব জরুরি।



মোঃ আব্দুর রশিদ খান

উপ-প্রকল্প পরিচালক

ফোন: ০২-৫৫০১২০৩৪

ই-মেইল: dppmcpmp@gmail.com

প্রাপক:

১। অপ্রধান শস্য বিশেষজ্ঞ/ শস্য উন্নয়ন কর্মকর্তা

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন
ও বাজারজাতকরণ কর্মসূচি', বিআরডিবি, উপঅঞ্চল।

২। মাঠ সংগঠক

দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে পুষ্টি সমৃদ্ধ উচ্চ মূল্যের অপ্রধান শস্য উৎপাদন
ও বাজারজাতকরণ কর্মসূচি', বিআরডিবি, উপজেলা (২৫৬)

স্মারক নং: ৪৭.৬২.০০০০.৯৮১.১৪.০১৪.১৯.৫১

তারিখ: ০২/০৩/২০২৩ খ্রিঃ।

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো:


১। উপপরিচালক, বিআরডিবি, জেলাদপ্তর,।

২। উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি), উপজেলা (২৫৬),
..... জেলা।

৩। মহাপরিচালক মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির নিমিত্ত)।

৪। প্রোপাইটার, মেসার্স হোসেনআরা এন্টারপ্রাইজ, রোড#২৩/বি, বাড়ি#১৭৫, নিউ ডিওএইচএস, মহাখালী, ঢাকা।

৫। অফিস নথি।



আবু নাসের মুহাম্মদ জাহাঙ্গীর আলম

সহকারী পরিচালক

ই-মেইল: ad2mcpmp@gmail.com